তারিখ ... 21 NOV. ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ...

দৈনিক খবর

# উচ্চ শিক্ষার মান উন্নয়নের সমস্যা চিহ্নিত করতে হবে —প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী কাজী জাফর আহমদ উচ্চ শিক্ষার ধরন ও মান উন্নয়নের লক্ষ্যে সমস্যাগুলো চিহ্নিত করার প্রয়োজনীয়তার ওপর গুরুত্বারোপ করেন। খবর বাসস'র।

গতকাল সোমবার জাতীয় যাদুঘর মিলনায়তনে একাডেমিক স্টাফ উন্নয়ন সংক্রান্ত ১১ দিনব্যাপী প্রশিক্ষণ

৭-এর পাতায় দেখুন

## উচ্চ শিক্ষার

প্রথম পৃষ্ঠার পর

কর্মশালার উদ্বোধন করে প্রধানমন্ত্রী বলেন, আমরা উচ্চ শিক্ষার মানের অবনতিকে মেনে নিতে পারি না। কেননা দেশের সার্বিক উন্নয়ন ও অগ্রগতি এর ওপর নির্ভরশীল।

শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন। বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের (ইউজিসি) চেয়ারম্যান অধ্যাপক সৈয়দ আলী আহসানের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে ইউজিসি'র সদস্য অধ্যাপক এম শামসুল হক ও সচিব শহীদুল্লাহ এবং ইউনেস্কো প্রতিনিধি কবীর মজুমদারও বক্তৃতা করেন।

ইউজিসি ও ইউনেস্কোর যৌথ উদ্যোগে আয়োজিত কর্মশালায় ২৫ জন একাডেমিক স্টাফ অংশ নিচ্ছেন। কর্মশালায় ১৮ জন বিশ্ববিদ্যালয় ও ৭ জন কলেজ থেকে অংশ নিচ্ছেন। ২ জন বিদেশীসহ ১০ জন রিসোর্স পার্সন এটি পরিচালনা করবেন।

কাজী জাফর আহমদ বলেন, জ্ঞানের বিভিন্ন শাখায় শিক্ষাদান ছাড়াও উচ্চ শিক্ষার একটি প্রধান দায়িত্ব হচ্ছে জাতীয় জীবনের সকল ক্ষেত্রে নেতৃত্ব প্রদানের জন্য দক্ষ, সৎ, উদ্যমী, সচেতন, চিন্তাশীল ও কঠোর পরিশ্রমী নাগরিক তৈরী করা।